# উপজেলা স্থায়ী কমিটির সভা
## উপজেলা পরিষদ অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা সংক্রান্ত ঃ
## ২য় সভা

**সভাপতি ঃ** জনাবা আফরোজা হক কলি
মহিলা ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

**তারিখ** ঃ ২৪-০৩-২০২২ইং।

**সময়** ঃ ৩:০০ ঘটিকা

**উপস্থিত সম্মানিত সদস্যগনের নাম ও পদবী**

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাবা আফরোজা হক কলি<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (শাহীন)<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | চেয়ারম্যান, ১০নং ঘাগড়া ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | চেয়ারম্যান, ৬নং চরঈশ্বর্দিয়া ইউনিয়ন পরিষদ,ময়মনসিংহ সদর,ময়মনসিংহ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | জনাব মোঃ আবু সাঈদ, চেয়ারম্যান, ৫নং সিরতা ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | জনাব রুহুল আমিন, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। | কো-অপ্ট-সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | উপজলা প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সূচী ঃ

১। অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত আলোচনা।
২। আয়বৃদ্ধি করা ও সুষ্ঠ ব্যবহারের জন্য সভায় পেশ করা ।
৩। বিবিধ ।

অদ্য ২৪-০৩-২০২২ইং তারিখ বেলা ৩:০০ ঘটিকায় উপজেলা পরিষদ অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা জনাবা আফরোজা হক কলি মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ মহোদয়ের সভাপতিত্বে আরম্ভ করা হয় । সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সন্মানীত সকল সদস্যগনকে স্বাগত জানাইয়া সভার কাজ আরম্ভ করেন।

সভার শুরুতে সদস্য সচিব উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উৎস স্থানীয় সম্পদের ভিত্তিতে গঠিত হবে। এর উৎস হবে উপজেলা পরিষদের বাসাবাড়ি থেকে প্রাপ্ত আয়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন ) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ৪র্থ তফসিলে বর্ণিত পরিষদ আরোপিত বিভিন্ন কর/রেট/ফি/টোল বাবদ প্রাপ্ত অথ , হাট-বাজার ইজারালব্দ অর্থ (অবশিষ্ট ৪১%) , স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ রেজিস্ট্রেশন ফিসের ১% এবং আদায়কৃত ভূমি উন্নয়ন 'কর' এর ২%, পরিষদে ন্যস্ত বা তৎকর্তৃক পরিচালিত সম্পত্তি থেকে প্রাপ্ত আয় বা মুনাফা, প্রতিষ্ঠান বা ব্যক্তি থেকে প্রদত্ত অনুদান, পরিষদের অর্থ বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফা, উপজেলা পরিষদ থেকে অন্য কোন অর্থ, সরকারের নির্দেশে পরিষদের ন্যস্থ অন্যান্য আয়ের উৎস থেকে প্রাপ্ত অর্থ । উক্ত অর্থ হতে উপজেলা পরিষদের জনপ্রতিনিধিদের সম্মানী ও ভ্রমণ ভাতা ব্যয় সহ উপজেলা পরিষদের ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করন, জাতীয় দিবস উৎযাপন, উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রধান ফটক নির্মাণ, অপ্রত্যাশিত খাতে ব্যয়, অফিস সরঞ্জাম ক্রয়, আসবাবপত্র সংগ্রহ/মেরামত, আপায়ন ব্যয়, আনুসাংগিক, পানির পাম্প রক্ষনাবেক্ষন ও মেরামত, অডিট ফি. মামলা পরিচালনা ব্যয়, বিদ্যুৎ/টেলিফোন বিল ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ, যানবাহন মেরামত, মালি/সুইপার নিয়োগ, সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন, ফরমালিন ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্ত করন কিট ইত্যাদি ক্রয়, ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়, মশা নিধন, প্রকাশনা, বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তা খাত (আনসার) ইত্যাদি খাতে ব্যয় করা যাবে।

উক্ত অর্থ ব্যয়ের পর অর্থ বছর শেষ হওয়ার পূর্বে উন্নয়ন মূলক কোন অতি জরুরী প্রকল্প বাস্তবায়নের আবশ্যকতা দেখা দিলে অর্থ বছরের অবশিষ্ট সময়ের জন্য উপজেলা পরিষদের নির্ধারিত পরিচালনায় ব্যয়ের দেড়গুণ (১৫০%) অর্থ সংরক্ষিত রেখে অবশিষ্ট অর্থ থেকে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন পূর্বক উপজেলা পরিষদের সকল বিধি বিধান অনুসরণ করে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহনের পর ব্যয় করা যাবে। রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরে ৩০জুন এর পর উন্নয়ন তহবিলে জমা করতে হবে।

সভাপতি মহোদয় সভায় জানান যে, অর্থ,বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ করে রাজস্ব আয় ও ব্যয়ের হিসাব,সরকারী অনুদান, হাট-বাজার ইজারা ৪১%অর্থ আয়, ভূমি উন্নয়ন কর ২% আয় সহ সমস্ত আয় উপজেলা পরিষদ তহবিলে যথাযথভাবে জমা হয় যা মনিটরিং ব্যবস্থা গ্রহন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

(জনাবা আফরোজা হক কলি)
মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি
**অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ উন্নয়ন কমিটি**
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৩। জনাব.....................................সম্মানিত সদস্য,স্থায়ী কমিটি, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

24-03-2022

সদস্য সচিব
উপজেলা স্থায়ী কমিটি
ও
উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের হাজিরা সিট

স্থান ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

তারিখ ঃ ২৪/০৩/২২ইং

সময় ঃ ৩.৩০ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | Abdullah-Al-Mamun | Upazila Engr. | [signature] 24.03.22 |
| ২. | [illegible] হক [illegible] <br> [illegible] চেয়ারম্যান <br> [illegible] পরিষদ, [illegible] | [illegible] | [signature] |
| ৩. | চেয়ারম্যান <br> [illegible] ইউনিয়ন পরিষদ <br> [illegible] | সদস্য | [signature] |
| ৪. | চেয়ারম্যান <br> [illegible] ইউনিয়ন পরিষদ | সদস্য | [signature] |
| ৫. | আব্দুল [illegible] <br> [illegible] | কো-অপ্ট-সদস্য | [signature] |
| ৬. | | | |
| ৭. | | | |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
সদর, ময়মনসিংহ।
www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১-০৩-২০২২ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় ময়মনসিংহ সদর উপজেলার অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে তাঁহার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হল।

২১.০৩.২০২২
সদস্য সচিব
উপজেলা স্থায়ী কমিটি
ও
উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
সদর, ময়মনসিংহ।

স্মারক নং-৪৬.০২.৬১৫২.০০০.০৬.০০১.২০-২৪৫/১(৭)

তারিখঃ ১৬/৩/২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল ঃ-

১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর ও সম্মানিত সদস্য, স্থায়ী কমিটি, সদর, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, ১০নং ঘাগড়া ইউনিয়ন পরিষদ ও সম্মানিত সদস্য, স্থায়ী কমিটি, সদর, ময়মনসিংহ।
৪। ৬নং চরঈশ্বরদিয়া ইউনিয়ন পরিষদ, ও সম্মানিত সদস্য, স্থায়ী কমিটি, সদর, ময়মনসিংহ
৫। চেয়ারম্যান, ৫নং সিরতা ইউনিয়ন পরিষদ ও সম্মানিত সদস্য, স্থায়ী কমিটি, সদর, ময়মনসিংহ।
৬। জনাব রুহুল আমিন, সম্মানিত সদস্য, স্থায়ী কমিট, সদর, ময়মনসিংহ।
৭। অফিস নথি।

২১.০৩.২০২২
উপজেলা প্রকৌশলী
এলজিইডি, সদর, ময়মনসিংহ।